

২৮২  
(স্বামী রামকৃষ্ণানন্দকে লিখিত)

৬৩, সেন্ট জর্জেস রোড, লন্ডন  
২৪ জুন, ১৮৯৬

প্রিয় শশী,

শ্রীজীর' সম্বন্ধে ম্যাক্সমূলারের লিখিত প্রবন্ধ আগামী মাসে প্রকাশিত হবে। তিনি তাঁর একখানি জীবনী লিখতে রাজী হয়েছেন। তিনি শ্রীজীর সমস্ত বাণী চান। সব উক্তিগুলি সাজিয়ে তাঁকে পাঠাও -- অর্থাৎ কর্মসম্বন্ধে সব এক জায়গায়, বৈরাগ্য সম্বন্ধে অন্যত্র, ঐরূপ ভক্তি, জ্ঞান ইত্যাদি ইত্যাদি সম্বন্ধে। তোমাকে এ কাজ এখনই শুরু করতে হবে। শুধু যে সব কথা ইংরেজীতে অচল, সেগুলি বাদ দিও।<sup>১</sup> বুদ্ধি করে সে সকল জায়গায় যথাসম্ভব অন্য কথা দিবে। 'কামিনী-কাঞ্চন'কে 'কাম-কাঞ্চন' করবে -- lust and gold etc. -- অর্থাৎ তাঁর উপদেশে সর্বজনীন ভাবটা প্রকাশ করা চাই। এই চিঠি কাহাকেও দেখাবার আবশ্যিক নাই। তুমি উক্ত কার্য সমাধা করে সমস্ত উক্তি ইংরেজী তর্জমা ও classify (শ্রেণীবিভাগ) করে 'প্রফেসর ম্যাক্সমূলার, অক্সফোর্ড ইউনিভার্সিটি, ইংলন্ড' -- ঠিকানায় পাঠাবে।

শরৎ কাল আমেরিকায় চলল। এখানকার কাজ পেকে উঠেছে। লন্ডনে একটি centre-এর (কেন্দ্রের) জন্য টাকা already (এর আগেই) উঠে গেছে। আমি next (আগামী) মাসে Switzerland (সুইজারলন্ড) গিয়ে এক দুই মাস থাকব। তারপর আবার লন্ডনে। আমার শুধু শুধু দেশে গিয়ে কি হবে? এই লন্ডন হল -- দুনিয়ার centre (কেন্দ্র)। India-র heart (ভারতের হৃৎপিণ্ড) এখানে। এখানে একটা গেড়ে না বসিয়ে কি যাওয়া হয়? তোরা পাগল নাকি? সম্প্রতি কালীকে আনাব, তাকে তৈয়ার থাকতে বলো। পত্রপাঠ যেন চলে আসে। দুই চারি দিনের মধ্যে তার জন্য টাকা পাঠাব ও কাপড়-চোপড় প্রভৃতি যা যা দরকার সমস্তই লিখে দেব। সেইমত সমস্ত ঠিক করা হয় যেন।

মাতাঠাকুরাণি প্রভৃতি সকলকে আমার অসংখ্য প্রণাম দিবে। মাদ্রাজে তারকদাদা যাচ্ছেন -- উত্তম কথা।

মহাতেজ, মহাবীর্য, মহা উৎসাহ চাই। মেয়ে-নেকড়ার কি কাজ? যে রকম লিখেছিলাম পূর্বপত্রে, সেই রকম ঠিক চলতে চেষ্টা করবে। Organisation (সঙ্ঘ) চাই।

Organisation is power and the secret of that is obedience (সঙ্ঘই শক্তি, আর আজ্ঞাবহতাই হল তার গূঢ় রহস্য)। কিমধিকমিতি

নরেন্দ্র

<sup>১</sup> শ্রীরামকৃষ্ণের

<sup>২</sup> পত্রটির এই পর্যন্ত ইংরেজীর অনুবাদ।